

১ কোটি ১৭ লক্ষ ৮২ হাজার ৬০১ টাকার মাদক দ্রব্য ও বিভিন্ন সামগ্রী আটক বি এস এফের হাতে

আগরতলা, ১০ জানুয়ারি ২০১৭

রাজ্যের বিভিন্ন সীমান্ত এলাকা ধরে পাচারকালে নভেম্বর মাসে বিশাল পরিমাণ নিষিদ্ধ মাদক দ্রব্য বিএসএফের হাতে ধরা পড়ে। ওই মাসে পাচার বিরোধী অভিযানে নেমে সীমান্ত সুরক্ষা বাহিনী ১ কোটি ১৭ লক্ষ ৮২ হাজার ৬০১ টাকার মূল্যের সামগ্রী বিভিন্ন সীমান্ত এলাকা থেকে বাজেয়াপ্ত করেছে। পাচার সামগ্রীর মধ্যে রয়েছে বনজ সম্পদ, গাঁজা, শাড়ি, বস্ত্র সামগ্রী, গবাদি পশু এবং ফেল্মিডিল। মূলত: সিপাহীজলা জেলার কমলাসাগর, আশাবাড়ী, ধনপুর, কুল্লুবাড়ি, নির্ভয়পুর, শ্রীমান্তপুর, বেলারডেপা, দক্ষিণ ত্রিপুরা জেলার আমজাদনগর, বিলোনিয়া, মতাই, উনকোটি জেলার টিলাবাজার, মাগরুলি, রাঙাউটি এবং উত্তর জেলার ইয়াকুবনগর, চুরাইবাড়ি, ধর্মনগর সীমান্তপথে পাচারকালে এই সামগ্রীগুলো আটক করা হয়। এর মধ্যে ১ কোটি ০৭ লক্ষ ৬৪ হাজার ২৭৫ টাকা মূল্যের সামগ্রী আটক করা হয় বাংলাদেশে পাচারকালে। ওপার থেকে এপারে পাচারের সময় ধরা পড়ে ১০ লক্ষ ১৮ হাজার ৩২৬ টাকা মূল্যের সামগ্রী। এই সময়ে বেআইনীভাবে সীমান্ত অতিক্রমের অপরাধে বিএসএফের হাতে ধরা পড়ে ০১ জন ভারতীয় এবং ০২ জন বাংলাদেশী নাগরিক। বি এস এফ পূর্ণ উদ্যোগে সীমান্তে সর্বক্ষণ নজরদারি রক্ষা করছে এবং সীমান্তে প্রহরা দিতে প্রতিশ্রুতি বদ্ধ।